গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর :-৮০.০০.০০০০.১০১.১১.০১৮.১৯ (অংশ-১)-১২৩

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৯ মে ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয় : খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের **"সহকারী প্রোগ্রামার"** (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষার সময়সূচি, আসন ব্যবস্থা ও সাধারণ নির্দেশাবলি সংক্রান্ত।

খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের **"সহকারী প্রোগ্রামার"** (৯ম গ্রেড) পদের (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১৩, তারিখ: ১৮.০১.২০২৪) লিখিত পরীক্ষার সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি নিম্নে উল্লেখ করা হলো :

সময়সূচি ও আসন ব্যবস্থা :

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার হল	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর সংখ্যা
১১.০৬.২০২৪ বেলা ১১.০০ টা থেকে ৩.০০ টা পর্যন্ত	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭	000001-800089	৪০৯ জন

লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

১. **লিখিত পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।** প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।

২. **প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

৩. পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে পরীক্ষার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৪. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

৫. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমশ/২

Food Press Adverties

৬. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস, গহনা, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও ব্যাংক কার্ড আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তাকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. পরীক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। তবে সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।

৮. প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও নন-টেকনিক্যাল (গণিত ও মানসিক দক্ষতা)-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা ৪ ঘণ্টা ব্যাপী অনুষ্ঠিত হবে।

৯. পরীক্ষা কক্ষে প্রার্থীদেরকে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও নন-টেকনিক্যাল (গণিত ও মানসিক দক্ষতা) বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।

১০. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ০৬.০৬.২০২৪ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

১১. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১২. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২১.৫.২০২৪

(আবদুল্লাহ আল মামুন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

Food Press Adverties